

# যেভাবে শাবিপ্রবির শিক্ষার্থীদের সঙ্গে সংঘর্ষে জড়ায় এলাকাবাসী

শাবিপ্রবি প্রতিনিধি

১৬ জুন ২০২৩ ০৯:৫৩ পিএম | আপডেট: ১৭ জুন ২০২৩

১২:১১ এএম

157

Shares



এলাকাবাসীকে সরিয়ে দিচ্ছে পুলিশ

advertisement..

বহিরাগত প্রবেশ করা নিয়ে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) শিক্ষার্থীদের সঙ্গে এলাকাবাসীর সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে ১৪ শিক্ষার্থী ও ১ শিক্ষক আহত হয়ে মেডিকেল চিকিৎসাধীন রয়েছে। আজ শুক্রবার বিকাল ৫টার দিকে বিশ্ববিদ্যালয়ের মূল ফটকের সামনে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বিকেল ৫টার দিকে বিশ্ববিদ্যালয়ের মূল ফটক দিয়ে কয়েকজন বহিরাগত প্রবেশ করতে চার। এতে তাদের বাধা দেন নিরাপত্তা প্রহরীরা (গার্ড)। প্রবেশে বাঁধা দেওয়ায় গার্ডের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ ও বাকবিতগ্ন জড়ায় বহিরাগতরা। এক পর্যায়ে কয়েকজন শিক্ষার্থী এসে এমন আচরণের কারণ জানতে চাইলে তাদেরকে ওই বহিরাগতরা হুমকি দেন। বহিরাগতরা সিলেট মহানগর বঙ্গবন্ধু পেশাজীবী পরিষদের সহ-সভাপতি মো. দুলাল মিয়ার অনুসারী বলে জানা যায়।

advertisement

পরে তারা খবর দিলে মহানগর থেকে আরও বহিরাগত এসে বিশ্ববিদ্যালয়ের মূল ফটকের ভেতরে টিল ও ইট-পাটকেল ছুড়তে থাকেন। তাতে তুমুল সংঘর্ষে জড়ায় বহিরাগত ও শিক্ষার্থীরা। ফলে উভয় পক্ষের মধ্যে কয়েক দফা সংঘর্ষ হয়। এরপর প্রক্টরিয়াল বড়ির সদস্য ও পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। এ ঘটনায় ৮ শিক্ষার্থী আহত হয়ে ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল এবং মাউন্ট এডোরা হাসপাতালে চিকিৎসাধীন আছেন বলে জানা গেছে। এ ঘটনায় সিলেট-সুনামগঞ্জ সড়কে কয়েকটি গাড়ি ভাঙ্গুরের ঘটনা ঘটে।

### আরও পড়ুন: শাবিপ্রবির শিক্ষার্থীদের সঙ্গে এলাকাবাসীর তুমুল সংঘর্ষ

এ বিষয়ে শাবিপ্রবির প্রক্টর অধ্যাপক ড. কামরুজ্জামান চৌধুরী বলেন, ‘ক্যাম্পাসে বহিরাগত (সন্তুষ্ট সামনের এলাকার লোক) প্রবেশ নিয়ে আমাদের গার্ডের সাথে প্রাথমিকভাবে কথা-কাটাকাটি হয়। এর জেরে সংঘর্ষ শুরু হয়। ঘটনা শোনার সঙ্গে সঙ্গে আমরা চলে আসি। তবে এর আগেই টিল ছুড়া শুরু হয়ে যায়। পরে আমরা আমাদের শিক্ষার্থীদের ভেতরে নিয়ে আসতে সক্ষম হই। এখন পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে।’

সিলেটের মেট্রোপলিটন পুলিশের উপকমিশনার আজবাহার আলী শেখ বলেন, ক্যাম্পাসের ভেতরে প্রবেশ করা নিয়ে বহিরাগত ও গার্ডের সাথে হট্টগোল লাগে। এক পর্যায়ে সংঘর্ষ শুরু হয়। এখন পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে।’